

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্ঘাপন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ

তারিখ : ০৯ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/২৪ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত দিক নির্দেশনা।

নং ১৪/মূসক/২০২০—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক
এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, কোনো নিবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে পণ্য
উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি ও প্রক্রিয়া নির্ধারণ করিল, যথা :—

- (ক) পণ্যের মূল স্বত্ত্বাধিকারী এবং চুক্তিভিত্তিক উৎপাদনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি
দেশের বলবৎ চুক্তি আইন (The Contract Act, 1872) এর বিধি-বিধান
অনুসরণপূর্বক সম্পাদন করিতে হইবে;
- (খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধি-বিধান অনুযায়ী সকল
হিসাব সংরক্ষণ করিতে হইবে;
- (গ) পণ্যের স্বত্ত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট উপকরণ
সরবরাহের সময় ফরম “মূসক-৬.৮” এ ২(দুই) প্রশ্ন চালানপত্র জারি করিয়া মূল
চালানপত্রটি উপকরণ গ্রহণকারীকে প্রদান করিতে হইবে এবং অনুলিপি পণ্যের
স্বত্ত্বাধিকারী সংরক্ষণ করিবেন;

(১৩৩৪৯)
মূল্য : টাকা ৪.০০

- (ঘ) পণ্যের স্বত্ত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার পণ্যাগার হইতে বা তাহার ব্যবসাস্থলে রাখিত উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরবরাহের সময় স্বত্ত্বাধিকারীর এইরূপ নিবন্ধিত পণ্যাগার বা ব্যবসায়স্থল হইতে ফরম “মূসক-৬.৪” এ ২ (দুই) প্রস্ত চালানপত্র জারি করিয়া মূল চালানপত্রটি চুক্তিভিত্তিক উৎপাদককে প্রদান করিতে হইবে এবং অনুলিপি পণ্যের স্বত্ত্বাধিকারী সংরক্ষণ করিবেন;
- (ঙ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি অনুযায়ী স্বত্ত্বাধিকারীকে পণ্য সরবরাহ করার পূর্বে চুক্তিভিত্তিক উৎপাদক উক্ত সরবরাহের বিপরীতে সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম “মূসক-৪.৩” এ উপকরণ-উৎপাদ সহগ দাখিল করিবেন;
- (চ) চুক্তি অনুযায়ী স্বত্ত্বাধিকারীকে পণ্য সরবরাহ প্রদানের লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শূল্ক আইন, ২০১২ এর ধারা-৩৩ অনুসরণপূর্বক চুক্তিভিত্তিক উৎপাদক প্রাপ্ত বা প্রাপ্ত পণ্যের বিপরীতে ফরম “মূসক-৬.৩” এ কর চালানপত্র জারি করিবেন;
- (ছ) পণ্যের স্বত্ত্বাধিকারী কর্তৃক সরবরাহকৃত উপকরণ অথবা চুক্তিভিত্তিক উৎপাদকের নিজস্ব উপকরণ ব্যবহার করিয়া পণ্য উৎপাদনের পর চুক্তি অনুযায়ী স্বত্ত্বাধিকারীর নিকট পণ্য সরবরাহ প্রদানের লক্ষ্যে চুক্তিভিত্তিক উৎপাদক ফরম “মূসক-৬.৪” এ ২ (দুই) প্রস্ত চালানপত্র জারি করিয়া মূল চালানপত্রটি পণ্যের স্বত্ত্বাধিকারীকে প্রদান করিবেন এবং অনুলিপি চুক্তিভিত্তিক উৎপাদক সংরক্ষণ করিবেন;
- (জ) পণ্য পরিবহণকালে মূল চালানপত্র যানবাহনের সহিত থাকিতে হইবে;
- (ঝ) চুক্তি ভিত্তিতে উৎপাদিত পণ্য স্বত্ত্বাধিকারীর নিকট সরবরাহ করিবার পর স্বত্ত্বাধিকারী উক্ত সরবরাহের বিপরীতে সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম “মূসক-৪.৩” এ উপকরণ-উৎপাদ সহগ দাখিল করিবেন;
- (ঞ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শূল্ক আইন, ২০১২ এর ধারা-৩৩ অনুসরণপূর্বক পণ্য সরবরাহ প্রদানের লক্ষ্যে উক্ত পণ্যের স্বত্ত্বাধিকারী ফরম “মূসক-৬.৩” এ কর চালানপত্র জারি করিবেন;
- (ঠ) চুক্তিভিত্তিক উৎপাদক, পণ্যের স্বত্ত্বাধিকারী কর্তৃক ইস্যুকৃত ফরম “মূসক-৬.৪” চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত উপকরণ ব্যৱৃত্তি, ফরম “মূসক-৬.৩” চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত বা সংগৃহীত অন্যান্য উপকরণের উপর পরিশোধিত মূসক মূল্য সংযোজন কর ও সম্পূরক শূল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর বিধান পরিপালন সাপেক্ষে রেয়াত গ্রহণ করিতে পারিবেন;
- (ঢ) চুক্তিভিত্তিক উৎপাদনকারী কর্তৃক ফরম “মূসক-৬.৩” এর মাধ্যমে স্বত্ত্বাধিকারীর নিকট সরবরাহকৃত পণ্যের বিপরীতে পরিশোধিত মূসক, উপকরণ কর হিসেবে, স্বত্ত্বাধিকারী, মূল্য সংযোজন কর ও সম্পূরক শূল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর বিধান পরিপালন সাপেক্ষে রেয়াত গ্রহণ করিতে পারিবেন;

- (ড) পণ্যের স্বত্ত্বাধিকারী ও চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক মূসক বিধি ৪০ অনুযায়ী তাহাদের নিজ নিজ নিবন্ধিত স্থানে যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে; এবং
- (১) ফরম “মূসক-৬.৪” এর মাধ্যমে উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট প্রেরণ সংক্রান্ত তথ্যাদি স্বত্ত্বাধিকারীকে তাহার মূসক সংক্রান্ত হিসাবপুস্তক ছাড়াও আলাদা রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে, এবং উহা বাণিজ্যিক দলিলাদি হিসাবে বিবেচিত হইবে এবং আইনের ধারা-১০৭ অনুসারে এ সংক্রান্ত হিসাব পুস্তক সংরক্ষণ করিতে হইবে;
 - (২) একইভাবে চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক ফরম “মূসক-৬.৪” এর মাধ্যমে সংগৃহীত উপকরণ ও চুক্তির ভিত্তিতে উৎপাদিত পণ্য স্বত্ত্বাধিকারীকে ফেরত প্রদানের তথ্য তাহার মূসক সংক্রান্ত হিসাবপুস্তক ছাড়াও আলাদা রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে, এবং উহা বাণিজ্যিক দলিলাদি হিসাবে বিবেচিত হইবে এবং আইনের ধারা-১০৭ অনুসারে এ সংক্রান্ত হিসাবপুস্তক সংরক্ষণ করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মূসক নীতি)।